



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৬৭

বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা অনুষ্ঠিত

রাজশাহী; ২৭ আশ্বিন (১২ অক্টোবর):

রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা আজ বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। বিভাগীয় কমিশনার জি এস এম জাফরউল্লাহ, এনডিসি এ সভায় সভাপতিত্ব করেন।

সমন্বয় সভায় স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে জানানো হয়, রাজশাহী বিভাগে ৫-১১ বছর বয়সী ২৫ লক্ষ ২২ হাজার শিশুকে করোনার টিকা প্রদানের প্রাথমিক লক্ষ্য নির্ধারিত হয়েছে এবং প্রথম দিনই ১ লক্ষ ৮৫ হাজার শিশুকে টিকা প্রদান করা হয়েছে। এ বিভাগে এ পর্যন্ত ২০৬ জনের ডেঙ্গু সনাক্ত হয়েছে তবে কেহ মৃত্যুবরণ করেনি। কোনো কোনো স্থানে হ্যাণ্ডফুটমাউথ ডিজিজ নামে এক প্রকার সংক্রামক রোগ দেখা যাচ্ছে জানিয়ে স্বাস্থ্য বিভাগের পরিচালক শিক্ষা প্রতিষ্ঠানে শিশুদেরকে একে অপরের সাথে অলিঙ্গন করা থেকে বিরত থাকার পরামর্শ দেন।

বিভাগীয় সঞ্চয় দপ্তর থেকে জানানো হয়, সঞ্চয় পত্রে বিনিয়োগ পূর্বের চেয়ে কিছুটা কমেছে তবে সঞ্চয় অফিসের সকল লেনদেন অটোমেশনের আওতায় চলে এসেছে।

রাজশাহী জেলাতে কিছু পৌরসভা ও ইউনিয়ন পরিষদের কাছে একটি বড় অঙ্কের বিদ্যুৎ বিল বকেয়া আছে উল্লেখ করে উক্ত বকেয়া বিল আদায়ে পল্লী বিদ্যুতের পক্ষ থেকে সমন্বয় সভায় সহযোগিতা চাওয়া হয়। বিভাগীয় কমিশনার বিষয়টি তদারকী করতে রাজশাহী জেলা প্রশাসককে নির্দেশ দেন।

সভায় বিভিন্ন দপ্তর প্রধান নিজ নিজ দপ্তরের উন্নয়ন কাজের চিত্র তুলে ধরেন।

রাজশাহী বিভাগের আট জেলার জেলা প্রশাসক এবং বিভিন্ন বিভাগীয় দপ্তরের দপ্তর প্রধানগণ সমন্বয় সভায় উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/হালিম/২০২২/১৬.২০ঘ.